

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
 দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
 ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
 www.ddm.gov.bd

২৩/৯/২০১৪ খ্রিঃ

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০০৬.১২-৫৬৪

তারিখঃ

০৮ আশ্বিন ১৪২১ বং

বিষয়ঃ আসন্ন প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা/২০১৪) উদযাপন উপলক্ষ্যে জিআর খাদ্যাশস্য (চাল) বরাদ্দ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৯.১৩-৫৪৬, তারিখঃ ২২/৯/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সরকার আসন্ন প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা/২০১৪) উদযাপন উপলক্ষ্যে ১৪টি জেলার ১১৭৬টি বৌদ্ধ মন্দিরের অনুকূলে আহার্য বাবদ বিতরণের নিমিত্ত মোট ৫৮৮.০০০ মেঃটন জিআর চাল নিম্নবর্ণিত বিভাজন এবং শর্ত মোতাবেক বিতরণের জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর বরাদ্দ প্রদান করা হলোঃ

ক্রঃনং	জেলার নাম	বৌদ্ধ মন্দিরের সংখ্যা	জি আর চাল এর পরিমাণ
০১	দিনাজপুর	০৩টি	০১.৫০০ (দেড়) মেট্রিক টন।
০২	রংপুর	০৮টি	০৪.০০০ (চার) মেট্রিক টন।
০৩	চট্টগ্রাম	৪১৬টি	২০৮.০০০ (দুইশত আট) মেট্রিক টন।
০৪	নোয়াখালী	০৪টি	০২.০০০ (দুই) মেট্রিক টন।
০৫	ফেনী	০৩টি	০১.৫০০ (দেড়) মেট্রিক টন।
০৬	বান্দরবান	৩৫১টি	১৭৫.৫০০ (একশত পঁচাত্তর দশমিক পাচ) মেট্রিক টন।
০৭	কক্সবাজার	১০৭টি	৫৩.৫০০ (তেঁপ্পার দশমিক পাচ) মেট্রিক টন।
০৮	রাংগামাটি	২৫টি	১২.৫০০ (বার দশমিক পাচ) মেট্রিক টন।
০৯	খাগড়াছড়ি	২১৪টি	১০৭.০০০ (একশত সাত) মেট্রিক টন।
১০	নওগাঁ	০২টি	০১.০০০ (এক) মেট্রিক টন।
১১	বরগুনা	১৪টি	০৭.০০০ (সাত) মেট্রিক টন।
১২	পটুয়াখালী	২১টি	১০.৫০০ (দশ দশমিক পাচ) মেট্রিক টন।
১৩	ঢাকা	০৭টি	০৩.৫০০ (সোড়ে তিন) মেট্রিক টন।
১৪	সিলেট	০১টি	৫০০ (পাঁচশত) কেজি
	মোট=	১১৭৬টি	৫৮৮.০০০ (পাঁচশত আটাশ) মেট্রিক টন।

শর্তঃ

- (ক)। জেলা প্রশাসক, তীর জেলাধীন উপজেলার বৌদ্ধ মন্দিরসমূহ উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সরেজমিনে পরিদর্শন সম্পন্নক্রমে বৌদ্ধ মন্দিরের সংখ্যা, আকার, ব্যাপকতা, আর্থিক সামর্থ/স্বচ্ছলতা/দারিদ্রতা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলী বিবেচনা করে জিআর চাল উপ-বরাদ্দ করবেন।
- (খ) বৌদ্ধ মন্দিরের তালিকা অনুযায়ী জেলা প্রশাসকগণ বৌদ্ধ মন্দিরসমূহে মন্দির প্রতি সর্বোচ্চ ৫০০ কেজি হারে চাল বিতরণ করবেন। মন্দির সংখ্যা কম হলে অতিরিক্ত/অব্যয়িত চাল মজুদ রেখে এ অধিদপ্তরকে/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অবহিত করবেন।
- (গ) জেলা প্রশাসক বরাদ্দকৃত জিআর চাল বিতরণে মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ ও সরকারী বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ০২। বরাদ্দকৃত চালের ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরের ৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম সাধারণ-৫৯০০- সাহায্য-মঞ্জুরী- ৫৯৪৭- জিআর খাত হতে নির্বাহ করা হবে।
- ০৩। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,

দিনাজপুর/রংপুর/চট্টগ্রাম/ফেনী/নোয়াখালী/বান্দরবান/কক্সবাজার/
 রাংগামাটি/খাগড়াছড়ি/নওগাঁ/বরগুনা/পটুয়াখালী/ঢাকা/সিলেট।

(মোঃ ইফতেখারুল ইসলাম)

পরিচালক (ত্রাণ)

ফোনঃ ৯৮৬০৩৮৬।

২৩/৯/২০১৪ খ্রিঃ

তারিখঃ

০৮ আশ্বিন ১৪২১ বং

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০০৬.১২-৫৬৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/সিলেট।
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, দিনাজপুর/রংপুর/চট্টগ্রাম/ফেনী/নোয়াখালী/বান্দরবান/কক্সবাজার/রাংগামাটি/খাগড়াছড়ি/নওগাঁ/বরগুনা/পটুয়াখালী/ঢাকা/সিলেট।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/রংপুর/চট্টগ্রাম/ফেনী/নোয়াখালী/বান্দরবান/কক্সবাজার/রাংগামাটি/খাগড়াছড়ি/নওগাঁ/বরগুনা /পটুয়াখালী/ঢাকা/সিলেট।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(মোঃ মোখলেছুর রহমান)

উপ-পরিচালক (ত্রাণ-১)